

37911 - নারীদের জন্য নিজ ঘরে ইতিকার করা শুদ্ধ নয়

প্রশ্ন

নারীর জন্য তার নিজ ঘরে ইতিকার করা কি জায়েয আছে? যদি জায়েয হয় সেক্ষেত্রে তার যদি রান্নাবান্না করার প্রয়োজন পড়ে, তখন কি করবে?

প্রিয় উত্তর

মসজিদের বাইরে ইতিকার করলে সেটা শুদ্ধ হবে না। কারণ আল্লাহ তাআলা বলেছেন: “আর তোমরা মসজিদে ইতিকারত অবস্থায় স্ত্রীদের সাথে মিলিতহয়োনা।” [২ আল-বাক্বারাহ: ১৮৭] এই হুকুম পুরুষ ও নারী উভয়ের জন্যই সমানভাবে প্রযোজ্য।

ইবনে কুদামাহ ‘আল-মুগনী’ গ্রন্থে (৪/৪৬৪) বলেছেন:

“একজন নারীকে কোন প্রকারের মসজিদে ইতিকার করতে পারেন। সেটা পাঞ্জিগানা মসজিদ তথা পাঁচ ওয়াক্ত নামাযের জামাত হয় এমন মসজিদ হওয়া শর্ত নয়। কারণ জামাতে নামায আদায় করা নারীর জন্য বাধ্যতামূলক নয়।” ইমাম শাফেয়ী (রহঃ) ও এই অভিমত পোষণ করেছেন।

নারীর জন্য তার নিজ ঘরে ইতিকার করার কোন বিধান নেই। কারণ আল্লাহ তাআলা বলেছেন: “আর তোমরা মসজিদে ইতিকারত অবস্থায় স্ত্রীদের সাথে মিলিতহয়োনা।” [২ আল-বাক্বারাহ : ১৮৭]

এছাড়া রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীগণ তাঁর কাছে মসজিদে ইতিকার করার অনুমতি চান এবং তিনি তাঁদেরকে অনুমতি দেন। সমাপ্ত

“আলমাজমু” (৬/৪৮০) গ্রন্থে ইমাম নববী বলেছেন:

“নর-নারী কারো জন্য মসজিদের বাইরে ইতিকার করা শুদ্ধ নয়।” সমাপ্ত

“আশ-শারহ আল-মুমতি” (৬/৫১৩) গ্রন্থে এটাই হচ্ছে শাইখ উছাইমীনের নির্বাচিত অভিমত।

আল্লাহই সবচেয়ে ভালো জানেন।